আজকের কাগজ

৩

তারিখ ...04 JAN 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ২

# বুয়েটে এ বছর প্রতি আসনের জন্যে ৮ জন প্রার্থী

**বিপ্লব রহমান :** দেশের একমাত্র প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এ এবছর থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের পূর্ব নির্ধারিত বিষয়গুলোর পাশাপাশি ইংরেজি বিষয়েও পরীক্ষা দিতে হবে। চলতি বছরের মার্চে এ পরীক্ষা শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য, প্রতি বছর বুয়েটে সর্বমোট ৫শ'১০টি আসনের জন্যে সারাদেশ থেকে চার সহস্রাধিক ছাত্র-ছাত্রী আবেদন করে এবং এদের মধ্যে বাছাই করে প্রায় তিন হাজার পাঁচশ' জনকে ভর্তি পরীক্ষার সুযোগ দেয়া হয়। অর্থাৎ এ বিশ্ববিদ্যালয়ে একটি আসনের জন্যে প্রতিযোগিতা করে গড়ে আট জন। সংশ্লিষ্ট একজন উর্ধ্বতন কর্মকর্তার সূত্রে এ তথ্য জানা গেছে। একাডেমিক কাউন্সিল সদস্য ও একজন বিভাগীয় ডীন প্রসঙ্গত জানিয়েছেন, বুয়েটে '৯৪/৯৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের পূর্বনির্ধারিত বিষয়গুলোর পাশাপাশি ইংরেজি ভাষাকে আলাদা একটি বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার ব্যাপারে ইতিমধ্যেই ভর্তি কমিটি প্রস্তাবনামা একাডেমিক কাউন্সিলে উত্থাপন করেছে। একাডেমিক কাউন্সিলও বিষয়টি প্রায় চূড়ান্ত করে এনেছে।' এখন কত নম্বর ও কত সময়ের মধ্যে ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে এটি শুধু চূড়ান্ত করা বাকি। শেষোক্ত বিষয়টিতে একাডেমিক কাউন্সিল ঐকমত্যে পৌঁছালেই এ ব্যাপারে আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হবে।

প্রতি বছরই বুয়েটে ছাত্র-ছাত্রী ভর্তির আনুষঙ্গিক কাজ নির্বিঘ্নে সম্পন্ন করার জন্যে ভর্তি কমিটি নামে একটি কমিটি দায়িত্ব পালন করে। কিন্তু ভর্তি বিষয়ক কোন সিদ্ধান্ত শুধুমাত্র একাডেমিক কাউন্সিলই গ্রহণ করে থাকে। একাডেমিক কাউন্সিল উল্লেখিত সিদ্ধান্ত গ্রহণ করার পর এ বছর থেকে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের আগের বছরগুলোর মতো গণিত, সাধারণ জ্ঞান ও বিজ্ঞান, ডিজাইন ও মুক্ত হস্ত অংকন, লিখিত আলোচনা ইত্যাদি চারটি বিষয়ের পাশাপাশি ইরেজি বিষয়েও পরীক্ষা দিতে হবে। সূত্র মতে, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী বুয়েটের শিক্ষা মাধ্যম ইংরেজি। এছাড়া এর পাঠ্যপুস্তক সবই ইংরেজিতে লিখিত। সেকারণে একাডেমিক কাউন্সিল মনে করে, ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়কে অন্তর্ভূক্ত করা হলে প্রকৌশল হতে আগ্রহী ছাত্র-ছাত্রীরা স্কুল ও কলেজ থেকেই ইংরেজি শিক্ষার জন্যে মনোযোগী হবে।

উল্লেখ্য, বুয়েটে ভর্তিচ্ছু প্রার্থীর অন্যতম যোগ্যতা হল, প্রার্থীকে দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড থেকে গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে গড়ে কম পক্ষে শতকরা ৬৫ ভাগ এবং প্রতিটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে শতকরা ৫০ ভাগ নম্বর পেয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা তার সমমানের পরীক্ষায় এসব বিষয় সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে। এখন ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়কে অন্তর্ভুক্ত করা হলে ইংরেজিতে প্রার্থীকে শতকরা কত নম্বর পেতে হবে এবং ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কত নম্বর বরাদ্দ করা হবে তাও একাডেমিক কাউন্সিলকে সিদ্ধান্ত নিতে হবে। সাধারণত কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষায় সর্বমোট ছয়শ' নম্বরের মধ্যে কোনো প্রার্থী দু'শ' নম্বরের কম পেলে তাকে ভর্তির অযোগ্য বলে বিবেচিত করে থাকে। এ ছাড়া এখানে সংরক্ষিত পাঁচশ' ১০টি আসনে সামরিক বাহিনীর জন্যে ৪০টি, বিদেশিদের জন্যে ২৬টি এবং পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার সংখ্যালঘু পাহাড়ী ছাত্র-ছাত্রীদের জন্যে চারটি আসন বরাদ্দ করা হয়ে থাকে। এছাড়া সামরিক বাহিনীর সদস্যদের জন্যে বরাদ্দ ৪০টি আসনে তাদের পছন্দ মতো বিভাগ নির্বাচনের স্বাধীনতা থাকে।